শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.~~০৪৭.০৪.০০১.১৯.২০~~ ১৪২.১৬.০৬৬.২০.৬৬

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭
০১ নভেম্বর ২০২০

বিষয়: **সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন ইসলামপুর দারুল উলুম দাখিল মাদ্রাসা-এর পরিদর্শন প্রতিবেদনের আলোকে BSR যথাযথভাবে প্রণীত না হওয়ায় প্রমাণকসহ BSR পুনরায় টিএমইডি-তে প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর – ৩৭.২৫,০০০০.০০৫. ০৯.০৩৯. ১৯-১৩৯, তারিখ: ১৪/১০/২০২০ খ্রি:।

(২) ডিআইএ/সাতক্ষীরা/২১০৭-এম/খুলনা:৪৭৬৬, তারিখ: ০৭/০২/২০১৬ খ্রি:।

উপর্যুক্ত সূত্রের প্রেক্ষিতে সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন ইসলামপুর দারুল উলুম দাখিল মাদ্রাসা -এর BSR টিএমইডিতে পাওয়া গেছে।

প্রাপ্ত BSR টি পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পরিলক্ষিত হয়।

| পরিদর্শন প্রতিবেদনের ক্রমিকনং | ডিআইএএর আপত্তি | ডিআইএএর আপত্তির আলোকে ডিএমই এর মতামত | ডিজি, ডিএমই এর মতামতের প্রেক্ষিতে টিএমইডি এর মন্তব্য | পরবর্তী করণীয় বিষয়ে টিএমইডির নির্দেশনা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১(চ) | স্টক টেকিং সংক্রান্ত তথ্য: বছর শেষে স্টক টেকিং করা হয় না। স্টক টেকিং কমিটির প্রতিবেদন মোতাবেক প্রতিষ্ঠানের যাবতীয় অস্থাবর সম্পত্তির স্টক টেকিং এর ব্যবস্থা করতে হবে। | জবাব গ্রহণযোগ্য বিধায় আপত্তি নিস্পত্তি করা যেতে পারে। | বর্তমানে স্টক টেকিং করা হয় কিনা এবং প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তির ব্যবস্থাপনা করা হয় কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | পরিদর্শন প্রতিবেদন বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ পুণরায় বিএসআর আগামী ৩০/১১/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ১(ছ) | রেজিস্ট্রার: রেজিস্ট্রারসমূহ চালু করতে হবে এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | জবাব গ্রহণযোগ্য বিধায় আপত্তি নিস্পত্তি করা যেতে পারে। | বর্তমানে রেজিস্ট্রারসমূহ চালু করা হয়েছে কিনা, তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ১(ঝ) | প্রতিষ্ঠানটিতে বর্তমানে ১৬ জন শিক্ষকের মধ্যে ০৩ জন মহিলা শিক্ষক কর্মরত আছে। ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ২০% মহিলা কোটা পূরণ করতে হবে। | ২০% মহিলা কোটা পূরণের শর্তে আপত্তি নিস্পত্তি করা যেতে পারে। | বর্তমানে ২০% মহিলা কোটা পূরণ করা হয়েছে কিনা, তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২(ক) | সমূদয় জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করতে হবে। প্রতিষ্ঠানটির জমির ভূমি উন্নয়ন করে হালসন নাগাদ পরিশোধ করে দাখিলা সংরক্ষণ করতে হবে। | সমূদয় জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করতে হবে। প্রতিষ্ঠানটির জমির ভূমি উন্নয়ন কর হালসন নাগাদ পরিশোধ করে দাখিলা সংরক্ষণ করতে হবে। | বর্তমানে সমূদয় জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করা হয়েছে কিনা, তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৩(ক) | প্রতি শিক্ষাবর্ষের প্রথমে প্রণীত বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরী করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। | একাডেমিক সুপারভিশন সংক্রান্ত সকল শিক্ষামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন পরিচালনা করার শর্তে আপত্তি নিস্পত্তিযোগ্য। | বর্তমানে পাঠপরিকল্পনা তৈরী করা হয়েছে কিনা এবং সে মোতাবেক পাঠদান হচ্ছে কিনা তা ডিজি ডিএমইএর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৩(গ) | অভ্যন্তরীণ পরীক্ষার মান সন্তোষজনক নয়। অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের গুণগত মান আরও উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। সকল শিক্ষককে শ্রেণি কক্ষে পাঠদানে আন্তরিক হতে হবে। | গৃহীত পদক্ষেপের তথ্য প্রেরণের শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের গুণগত মান আরও উন্নত করার বিষয়ে কোন পদক্ষেপ নেয়া হয়েছে কিনা এবং উক্ত পদক্ষেপের ফলাফল কি তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৩(গ)/৪ | প্রতিবছর বৃত্তি লাভের ক্ষেত্রে বৃত্তি পরীক্ষার্থীদের জন্য আলাদা বৃত্তি ক্লাসের ব্যবস্থা করতে হবে। | প্রতিবছর বৃত্তি লাভের ক্ষেত্রে বৃত্তি পরীক্ষার্থীদের জন্য আলাদা বৃত্তি ক্লাসের ব্যবস্থা করার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে প্রতিবছর বৃত্তি লাভের ক্ষেত্রে বৃত্তি পরীক্ষার্থীদের জন্য আলাদা বৃত্তি ক্লাসের ব্যবস্থা চালু করা হয়েছে কিনা এবং গৃহীত ব্যবস্থার ফলাফল কি তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৩(ঘ) | পৃথক পাঠাগার নেই। কাম্য পুস্তক নেই। পৃথক পাঠাগারের ব্যবস্থা গ্রহণ করে কাম্য সংখ্যক পুস্তক (২০০০) এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পৃথক পাঠাগারের ব্যবস্থা গ্রহণ করে কাম্য সংখ্যক পুস্তক (২০০০) এ উন্নীত করার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে পৃথক পাঠাগারের ব্যবস্থা গ্রহণ করে কাম্য সংখ্যক পুস্তক (২০০০) সরবরাহ করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪(ক) | নিয়মিতভাবে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠান প্রধানকে ক্যাশ বহিতে স্বাক্ষর করতে হবে।<br>২) কর্মরত শিক্ষকদের সমন্বয়ে ক্রয় কমিটি গঠন করতে হবে। ক্রয় কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের সকল মালামাল ক্রয় করতে হবে এবং মজুদ রেজিষ্ট্রারে তাহা যথাসময়ে এন্ট্রি করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে ক্রয় কমিটিতে অন্তর্ভূক্ত করতে হবে।<br>৩) প্রতিষ্ঠানের সকল আয় সাধারণ তহবিলের ব্যাংক হিসেবে জমা করতে হবে। প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন করে ব্যয় করতে হবে।<br>৪) অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতি তিন মাস অন্তর করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট অভ্যন্তরীন নিরীক্ষা কমিটি গঠন করে প্রতি তিন মাস অন্তর প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় নিরীক্ষা করতে হবে। | প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় হিসাব সুষ্ঠুভাবে সম্পাদন পরিচালনা করার শর্তে প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা, আয়কর কর্তন করা, ভ্যাট কর্তন করা,<br>টেন্ডার করা এবং প্রতিষ্ঠানের আয় অনুযায়ী<br>ব্যয় করার শর্তে আপত্তি নিস্পত্তি করা যেতে পারে। | বর্তমানে আয়-ব্যয় সংক্রান্ত আপত্তি অনুযায়ী কার্যক্রম<br>সম্পাদন করা হচ্ছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৪(ক)/৩ | ভবিষ্য তহবিল চালু নেই। সকল শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু করতে হবে। | ভবিষ্য তহবিল চালু করার শর্তে আপত্তি নিস্পত্তিযোগ্য। | বর্তমানে ভবিষ্য তহবিল চালু করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমইএর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৫(ক) | প্রতিষ্ঠানে শিক্ষার্থী ঝরে পড়ার হার কমিয়ে আনার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ঝরে পড়ার হার কমিয়ে আনার শর্তে আপত্তি নিস্পত্তিযোগ্য। | বর্তমানে ঝরে পড়ার হার কমিয়ে আনা হয়েছে কিনা, এবং ঝরে পড়ার হার বর্তমানে কত তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

২। ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের প্রতিটি নির্দেশনা বাস্তবায়নক্রমে বিএসআর প্রণয়নপূর্বক টিএমইডিতে প্রেরণ এবং সে সাথে পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনার আলোকে প্রতিটি বিএসআর তৈরিক্রমে টিএমইডিতে প্রেরণ করাও আবশ্যক।

৩। এমতাবস্থায়, উপরিউক্ত মতে ডিআইএর পরিদর্শন প্রতিবেদনের আপত্তির আলোকে ছকে বর্ণিত ৫নং- কলামের নির্দেশনা মোতাবেক আপত্তিগুলো বাস্তবায়নক্রমে সে অনুযায়ী বিএসআর পুনরায় তৈরিপূর্বক আগামী ৩০/১১/২০২০ খ্রি: তারিখের মধ্যে প্রমাণকসহ টিএমইডিতে পেরণের জন্য ডিজি, ডিএমই মহোদয়কে নির্দেশনা দেয়া হলো এবং সে সাথে ভবিষ্যতে বিএসআর প্রেরণের সময় অধিকতর সতর্কতা অবলম্বনেও মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১-১১-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা নিউ

বেইলী রোড, ঢাকা-১০০০।

১৪২.২৬.০৬৬.২০.৬৬

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.~~০৪৭.০৪.০০১.১৯.২০/১(৯)~~

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭
০১ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

৪) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫) সভাপতি, ম্যানেজিং কমিটি, ইসলামপুর দারুল উলুম দাখিল মাদ্রাসা, কলারোয়া, সাতক্ষীরা।

৬) সুপার, ইসলামপুর দারুল উলুম দাখিল মাদ্রাসা, কলারোয়া, সাতক্ষীরা।

৭) অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা [অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৮) উপ-সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা [উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৯) অফিস কপি/ মাস্টার কপি।

১-১১-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব